

লেখক আহমদ আমিন ও তাঁর সাহিত্যিক অবদান

লেখক পরিচিতি ও জন্ম:

আহমদ আমিন বিন ইব্রাহীম আত -তাৰাখ ছিলেন আধুনিক যুগের একজন প্রখ্যাত ঐতিহাসিক, লেখক ও সাহিত্য সমালোচক। তিনি ১ লা অক্টোবর, ১৮৮৬ খ্রিস্টাব্দে মিসরের কায়রোর এক রক্ষণশীল পরিবারে জন্ম গ্রহণ করেন।

শৈশবকাল ও শিক্ষা:

লেখকের প্রথম শিক্ষক পিতা শাইখ ইব্রাহীম আত-তাৰাখ একজন আয়হারা বিদ্বান ছিলেন। লেখকের পিতা বাল্যকাল থেকেই পুত্রের পড়াশোনার যত্ন নেন। পিতার নিকট তিনি কুরআন মজীদে পাঠ গ্রহণ করেন। এরপর তিনি মক্তবে তারপর প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হন সেখানের পাঠ সমাপ্ত করেন। অতঃপর পিতা নির্দেশে উচ্চশিক্ষা লাভের উদ্দেশ্যে আয়হার বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন। সেখানে তিনি চার বছর বিদ্যার্জন করেন তবে বিশ্ববিদ্যালয়ের গতানুগতিক পাঠক্রমে খুব একটা আকৃষ্ট ছিলেন না, তাই ব্যক্তিগত অধ্যাপকদের নিকটে হাদীস ফেকাহ ও বিভিন্ন বিষয়ে অধ্যয়ন করতেন।

১৯০৭ সালে ধর্মীয় বিচারক ও উকিল তৈরির জন্য শরীয়তি বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়ের কঠিন প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হয়ে শরীয়ত শিক্ষার পাঠ শুরু করেন সেই সঙ্গে সাহিত্য সমালোচনা, শিক্ষা, সংস্কৃতি, শিক্ষা পদ্ধতি, লেখক ও সাহিত্যিকদের শিক্ষা দীক্ষার উপর আলোকপাত করে প্রবন্ধ, নিবন্ধ ও পুস্তক প্রকাশ করতে থাকেন।

কর্ম জীবন:

১৯১১ সালে শরীয়তি বিদ্যালয়ের পাঠ সমাপ্ত করেন এবং আলিমীয়াত প্রাপ্ত হন, অতঃপর লেখক ১৯১২ সালে উক্ত বিদ্যালয়ে শিক্ষক নিযুক্ত হন এবং ১৯২১ সাল পর্যন্ত পদে আসীন থাকেন। এরপর তিনি কায়রো ও স্বানস্বা সহ দেশের বিভিন্ন আদালতে বিচারকের পদ অলংকৃত করেন। অতঃপর ১৯২৬ সালে কায়রো বিশ্ববিদ্যালয়ে আরবী সাহিত্যের অধ্যাপক পদে নিযুক্ত হন এবং ১৯৪৮ সাল পর্যন্ত অধ্যাপনা করেন। ১৯৪৭ সালে তিনি দামাস্কাসের আরবী ভাষা পরিষদের সদস্য নির্বাচিত হন। ১৯৪৮ সালে আরব লীগের সাংস্কৃতিক বিভাগের পরিচালক নিযুক্ত হন এবং ঐ বছরই কায়রো বিশ্ববিদ্যালয় তাঁকে সাম্মানিক ডক্টরেট ডিগ্রী প্রদান করে।

মৃত্যু:

উজ্জ্বল ব্যক্তিত্ব সম্পন্ন সাহিত্যিক আহমদ আমিন ৩০ শে মে ১৯৫৪ সালে কায়রোয় মারা যান।

সাহিত্যিক অবদান ও রচনা সমূহ:

আহমদ আমিন ছিলেন একজন বড় মাপের লেখক, সমালোচক, চিন্তাবিদ ও ঐতিহাসিক। সাহিত্য, ইতিহাস, দর্শন আইন সহ একাধিক শাখায় তাঁর কলমের অবাধ বিচরণ ছিল। তার অক্ষয় কীর্তি সমূহের মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ইসলামের ইতিহাসের উপর তিন খন্ডে রচিত *ظهر الإسلام و فجر الإسلام، ضحى الإسلام*

এছাড়া তাঁর উল্লেখযোগ্য গ্রন্থসমূহের মধ্যে:

1. حياته
2. النقد الأدبي
3. الأخلاق
4. زعماء الإصلاح في العصر الحديث
5. الى ولدي
6. فيض خاطر.

প্রযুক্তি:

সেখ মঈনুদ্দীন

গৌড় মহাবিদ্যালয়, মঙলবাড়ী, মালদা